

2020/TDC(CBCS)/ODD/SEM/  
BNGAEC-101T/361

( 2 )

TDC (CBCS) Odd Semester Exam., 2020  
held in March, 2021

BENGALI

( 1st Semester )

Course No. : BNGAEC-101T

( সংযোগের রূপ, রীতি ও প্রয়োগ )

( For Arts, Science, Commerce—Honours  
and Pass Course )

পূর্ণমান : ৫০  
উত্তীর্ণমান : ২০

সময় : ৩ ঘণ্টা

পাশ্চাত্য সংখ্যা পূর্ণমান নির্দেশক

SECTION—A

অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পনেরোটি) : ১×১৫=১৫

- ১। সংযোগ-এর ইংরেজি প্রতিশব্দ 'communication' কোন্ ভাষা থেকে এসেছে?
- ২। বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :  
(ক) Dialogue  
(খ) Group Discussion

10-21/294

( Turn Over )

৩। একক কথনের একটি বৈশিষ্ট্য লেখো।

৪। সংযোগ বিদ্যা নিয়ে সর্বপ্রথম কে আলোচনা করেছেন?

৫। শ্যানন এবং ওয়েভার কত সালে *The Mathematical Theory of Communication* গ্রন্থটি প্রকাশ করেন?

৬। 'Interview' শব্দটির অর্থ কী?

৭। নথি সংরক্ষণের মাধ্যমকে কী বলা হয়?

৮। বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :

(ক) Document

(খ) Summary

৯। সাধারণত নথিকে কয়টি ভাগে ভাগ করা হয়?

১০। ইংরেজি 'record' শব্দটি কোন্ ভাষা থেকে এসেছে?

১১। যে কোনো সংবাদের প্রথম বিষয় কী?

১২। প্রতিবেদনের মূলত কয়টি অংশ রয়েছে?

10-21/294

( Continued )

( 3 )

- ১৩। ‘বীরাসঙ্গনা কাব্য’ কত খ্রিস্টাব্দে প্রকাশিত হয় ?
- ১৪। ‘বীরাসঙ্গনা কাব্য’টি কোন্ ছন্দে রচিত ?
- ১৫। জনার স্বামীর নাম কী ?
- ১৬। ‘নীলধ্বজের প্রতি জনা’ পত্র-কবিতাটি ‘বীরাসঙ্গনা কাব্য’-এর কত সংখ্যক সর্গ ?
- ১৭। সোমদেব কে ?
- ১৮। “...কি কৌতুকে, কহ ;  
বৈশ্বানর, লুকাইছ ভস্মের মাঝারে ?”  
‘বৈশ্বানর’ শব্দের অর্থ কী ?
- ১৯। রবীন্দ্রনাথের ‘গল্পগুচ্ছ’-এর কোন্ খণ্ডটি তোমাদের পাঠ্য ?
- ২০। ফটিকের মামার নাম কী ?
- ২১। বরদাসুন্দরী কে ?
- ২২। ‘মধ্যবর্তিনী’ গল্পে কয়টি পরিচ্ছেদ আছে ?

10-21/294

( Turn Over )

( 4 )

- ২৩। রামসুন্দর মিত্রের কন্যার বিবাহে কত টাকা পণ দাবি করা হয়েছিল ?
- ২৪। “মা, এখন আমার ছুটি হয়েছে মা, এখন আমি বাড়ি যাচ্ছি।”  
এটি কার উক্তি ?
- ২৫। ‘মেলা’ শব্দের অর্থ কী ?
- ২৬। বরাক উপত্যকার গ্রামীণ জনজীবনে প্রচলিত একটি অন্তরঙ্গন ক্রীড়া (indoor game)র নাম লেখো।
- ২৭। ‘মহাবিশুব’ সংক্রান্তি কোন্ মাসের শেষে পালিত হয় ?
- ২৮। ‘নবান্ন’ উৎসব কোন্ ঋতুতে অনুষ্ঠিত হয় ?  
(ক) বসন্ত  
(খ) হেমন্ত
- ( শুদ্ধ উত্তরটি লেখো )
- ২৯। “‘গ্রন্থ পরিক্রমায় সমালোচকের দার্শনিক অন্তর্দৃষ্টি থাকা প্রয়োজন।” মন্তব্যটি সঠিক না ভুল ?
- ৩০। সংবাদপত্রের জন্য লেখা পত্রকে কোন্ শ্রেণীর অন্তর্ভুক্ত করা যায় ?  
(ক) ব্যক্তিগত পত্র  
(খ) বাণিজ্যিক পত্র

( শুদ্ধ উত্তরটি লেখো )

10-21/294

( Continued )

( 5 )

SECTION—B

সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো পাঁচটি) :  $2 \times 5 = 10$

- ৩১। সংযোগ-এর দুটি রূপ কী কী ?
- ৩২। সংলাপকে কোন্ দুটি ভাগে ভাগ করা যেতে পারে ?
- ৩৩। প্রতিবেদন বলতে কী বোঝ ?
- ৩৪। অপ্রচলিত নথি কাকে বলে ?
- ৩৫। “কে তুমি,—বিজন বনে ভ্রম হে একাকী,”  
কে, কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছেন ?
- ৩৬। “নীলধ্বজের প্রতি জনা’ পত্র-কবিতাটি ‘মহাভারত’-এর কোন্  
পর্ব অবলম্বনে রচিত ? নীলধ্বজ কোন্ রাজ্যের রাজা ছিলেন ?
- ৩৭। “বালক ডাঁটা চিবাইতে চিবাইতে কহিল, ‘ওই হোথা’।”  
বালকটি কে ? কাকে উদ্দেশ্য করে সে একথা বলেছে ?
- ৩৮। “দাদা বললেন, ‘লেখো’, ভাই অমনি লিখে গেলেন।” কার  
উক্তি ? উল্লিখিত ‘দাদা’ কে ?
- ৩৯। বরমবাবার মেলা কখন ও কোথায় অনুষ্ঠিত হয় ?
- ৪০। বরাক উপত্যকা থেকে প্রকাশিত যে কোনো দুটি দৈনিক  
সংবাদপত্রের নাম লেখো।

10-21/294

( Turn Over )

( 6 )

SECTION—C

যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর দাও :  $5 \times 5 = 25$

- ৪১। লেখ্য ও মৌখিক সংযোগের কয়েকটি পার্থক্য উল্লেখ করে একটি  
আলোচনা প্রস্তুত করো।
- ৪২। কী কী পদ্ধতি অনুসরণ করে সাক্ষাৎকার নেওয়া যেতে পারে,  
আলোচনা করো।
- ৪৩। নথিকরণের বিভিন্ন পর্যায় সম্পর্কে আলোচনা করো।
- ৪৪। নিম্নলিখিত অনুচ্ছেদটির সারসংক্ষেপ প্রস্তুত করো :  
আমাদের শিক্ষা ও জীবনের মধ্যে বিরাজমান যে বিচ্ছেদ, তা  
অপসৃত করে উভয়ের মিলন সাধনে বাংলা ভাষা ও বাংলা  
সাহিত্যের আছে একটি গৌরবময় ভূমিকা। বঙ্গদর্শনে বঙ্কিমচন্দ্রের  
প্রবল প্রতিভা প্রথম সেই ব্যবধান ভেঙে ঘটিয়েছিল আমাদের  
শিক্ষা ও অন্তঃকরণের এক আনন্দময় সন্মিলন। তাতে বাংলা  
ভাষার উৎসবমুখর আনন্দমূর্তি হয়ে ওঠে উদ্ভাসিত। আমাদের  
দৈনন্দিন জীবনের ক্ষুদ্রতা, মহিমার রশ্মিপাতে উজ্জীবিত হয়েছিল  
এক মহাজীবনের মন্ত্রে। পরিণামে বাংলা ভাষার আড়ষ্টতা গেল  
ঘুচে, বাংলা সাহিত্যে এলো গতিমুখর প্রাণোল্লাস। সেই সঙ্গে  
উপলব্ধ হল যে, ইংরেজি আমাদের কাজের ভাষা—তার দ্বারা  
আমাদের ভাব-ভাবনার জীবন্ত প্রকাশ সম্ভব নয়। আর বাংলা  
ভাষা আমাদের প্রাণের ভাষা—কেবল তার দ্বারাই আমাদের বহু  
স্মৃতিসমৃদ্ধ মাধুর্যমণ্ডিত হৃদয়ের ভাবোচ্ছ্বাস পেতে পারে স্বাধীন  
স্বচ্ছন্দ অভিব্যক্তি।

10-21/294

( Continued )

- ৪৫। “পত্র-কবিতায় সংযোগের ভাষা সিদ্ধিলাভ করে সংলাপের যথার্থ প্রয়োগে।” পঠিত যে কোনো একটি পত্র-কবিতা অবলম্বনে বিষয়টি স্পষ্ট করো।
- ৪৬। ‘লক্ষ্মণের প্রতি শূর্ণনখা’ কবিতায় শূর্ণনখা চরিত্রের মধ্য দিয়ে যে রোমান্টিক প্রেম-চেতনার প্রকাশ ঘটেছে তার আলোচনা করো।
- ৪৭। ‘রামকানাইয়ের নির্বুদ্ধিতা’ গল্পে রবীন্দ্রনাথ আদালতকেন্দ্রিক জীবিকার পরিচয় দিতে গিয়ে যে অসাধারণ নাট্যমুহূর্ত তৈরি করেছেন তা নিজের ভাষায় লেখো।
- ৪৮। ‘ছুটি’ গল্পের বিশ্বস্তর বাবুর চরিত্রটি চিত্রিত করো।
- ৪৯। প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা সম্পর্কে একটি সচেতনতামূলক প্রতিবেদন প্রস্তুত করো।
- ৫০। বর্তমান সময়ে বইমেলার প্রয়োজনীয়তা ও গুরুত্ব সম্পর্কে আলোকপাত করো।

\*\*\*